ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ডিসেম্বর/২০২০ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	১৬ অগ্রহায়ণ ১৪২৭ ০১ ডিসেম্বর ২০২০
সময়	:	বিকাল ০৪:০০ টা
স্থান	:	নগর ভবন, লেভেল-৮

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট -ক

প্রধান নির্বাহী কর্মকর্তা সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, মাননীয় মেয়র এর নির্দেশনায় এবং তাঁর নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে প্রতিনিয়ত ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারিদের নিরলস প্রচেষ্টায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রমের গতি উর্ধ্বমূখী হচ্ছে। তিনি এ পর্যায়ে সভাপতিকে তাঁর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তাঁর দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। শুরুতেই তিনি কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েও দাপ্তরিক কাজ চলমান রাখায় ডিএনসিসি'র সকল কর্মকর্তা/কর্মচারিদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং কোভিড-১৯ হতে সুস্থ্য হওয়ায় রাব্বুল আলামীন এর কাছে শুকরিয়া আদায় করেন। তিনি বলেন মেয়র নগর পিতা না, নগর সেবক। ডিএনসিসি'র সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিকে জবাবদিহিতার আওতায় আনার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, নগরবাসীর সাথে সিটি কর্পোরেশনের যোগাযোগ বৃদ্ধির জন্য নিয়মিত ফেসবুক লাইভ আয়োজন করা হবে। তিনি আরও উল্লেখ করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন একটি ব্র্যান্ড এ পরিণত হয়েছে। কষ্ট করে অর্জিত এই ব্র্যান্ড ধরে রাখতে হবে। ফেসবুক লাইভে জনগণের কাছ থেকে আসা প্রশ্নের উত্তর স্বচ্ছতার সাথে স্পষ্টভাবে জনগণকে জানাতে হবে। যেসব প্রশ্ন ডিএনসিসি'র সংশ্লিষ্টতা নেই সে সকল প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করে দ্রুততার সাথে সংগ্রহ করতে হবে এবং জনগণকে অবহিত করতে হবে।

ডিএনসিসি'র বিভিন্ন বিভাগ/দপ্তর হতে নথি দেরিতে উপস্থাপনের বিষয়ে সভাপতি বলেন, নথি উপস্থাপনে অহেতুক বিলম্ব কাম্য নয়। সে ক্ষেত্রে দায়ী কর্মকর্তা/কর্মচারিকে জবাবদিহিতার আওতায় আনা হবে। এ বিষয়ে বিভাগীয় প্রধান, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের তৎপর থাকার জন্য সভাপতি অনুরোধ জানান। অতপর সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, ডিএনসিসি'তে "নো মাস্ক নো সার্ভিস" প্রথা ইতোমধ্যে চালু করা হয়েছে। প্রত্যেক আঞ্চলিক অফিস ও সম্মানিত কাউন্সিলর কার্যালয়েও এটি বাধ্যতামূলকভাবে চালু করতে হবে। মাস্ক ব্যবহারের জনসচেনতা বাড়াতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। ডিএনসিসি'র আওতাধীন এলাকায় নিয়মিত উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। অত:পর নিম্নরূপ আলোচ্যসূচি ভিত্তিক আলোচনার মাধ্যমে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি-১	:	**গত ০৫ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ।**
আলোচনা	:	বিগত ০৫ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত

		সকলেই একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	নভেম্বর/২০২০ আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	বিগত ০৫ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২০ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি।
আলোচনা	:	গত ০৫ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত নভেম্বর/২০২০ আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয়।
সিদ্ধান্ত	:	➢ অফিসিয়াল কাজে সকলকে অবশ্যই অফিসিয়াল মেইল ব্যবহার করতে হবে, ব্যক্তিগত মেইল ব্যবহার করা যাবে না। ➢ ই-ফাইল এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। ➢ এপিএ চুক্তি বাস্তবায়নের বিষয়ে নিয়মিত সঠিক তথ্য প্রদান করতে হবে। ➢ ডিএনসিসি'র আওতাধীন এলাকায় অবৈধ দখল উদ্ধার অভিযান জোরদার করতে হবে। ➢ ব্যক্তিগত জলাশয়ের মালিক ও সরকারি খাল বা জলাধারের কর্তৃপক্ষকে স্ব উদ্যোগে পরিষ্কারের জন্য গণবিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ➢ নভেম্বর/২০২০ আন্তঃবিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)/নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	ডিএনসিসি'র ৩ ও ৫ নং ওয়ার্ডে বিদ্যমান কবরস্থান, খেলার মাঠ ও পার্ক হস্তান্তর।
আলোচনা	:	ডিএনসিসি'র ৩ ও ৫ নং ওয়ার্ডে বিদ্যমান কবরস্থান, খেলার মাঠ ও পার্কগুলোর মালিক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, যা ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর হস্তান্তর করা হয়নি। মাননীয় মেয়র উক্ত ওয়ার্ডগুলো পরিদর্শনকালে ওয়ার্ডে বিদ্যমান কবরস্থান, খেলার মাঠ ও পার্কগুলো সংস্কার করার নির্দেশনা প্রদান করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল বলেন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বর্ণিত কবরস্থান, খেলার মাঠ ও পার্কসমূহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন বরাবর হস্তান্তর না হওয়া পর্যন্ত সংস্কার করা সমীচীন হবে না। এ বিষয়ে সম্পত্তি বিভাগ থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
সিদ্ধান্ত	:	ডিএনসিসি'র ৩ ও ৫ নং ওয়ার্ডে বিদ্যমান কবরস্থান, খেলার মাঠ ও পার্কসমূহ হস্তান্তরের বিষয়ে সম্পত্তি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
বাস্তবায়ন	:	সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৪	:	ডিএনসিসি'র ৩নং ওয়ার্ডস্থিত মিরপুর সেকশন-১১ ব্লক সি নিউ ডিএনসিসি মার্কেটের উত্তর পাশে অবস্থিত এভিনিউ ৩ এর লেন ২ এবং রোড নং ১০ এর লেন ১৩ সংযোগ সড়কের উন্নয়ন।
আলোচনা	:	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) বলেন, উচ্ছেদ কার্যক্রম পরিচালনা না হওয়ায় উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। এ পর্যায়ে প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, বর্ণিত স্থানে ৫ জন ব্যক্তিকে উচ্ছেদে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে। বাকী স্থাপনার বিষয়ে আদালতের কোন নিষেধাজ্ঞা নেই। অতিশীঘ্রই উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হবে।
সিদ্ধান্ত	:	উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য প্রকৌশল বিভাগ ও সম্পত্তি বিভাগের সমন্বয়ে দ্রুততার সাথে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রকৌশল বিভাগ/সম্পত্তি বিভাগ/সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী অফিসার, ডিএনসিসি

আলোচ্যসূচি-৫	:	৮ নং ওয়ার্ডস্থিত মিরপুর উত্তর বিশিল ৩ নং সড়কের উন্নয়ন কাজ (হোল্ডিং নং ৩৪/খ হতে বেড়ী বাঁধ পর্যন্ত)
আলোচনা	:	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) সভাকে জানান, নিজস্ব বাজেটে বর্ণিত জায়গায় কাজ চলমান রয়েছে। অবৈধ স্থাপনা উচ্ছেদ হচ্ছেনা বিধায় কাজ করা যাচ্ছে না। সময়মতো সহযোগিতা না পাওয়ায় উন্নয়ন কার্যক্রম দ্রুততার সাথে শেষ করা সম্ভব হচ্ছে না। সম্পত্তি বিভাগ হতে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হলে কাজগুলো তরান্বিত করা সম্ভব হবে। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২ বলেন বিশিলে উচ্ছেদের প্রোগ্রাম নেওয়া হয়েছিলো, কোভিড-১৯ এর কারণের মানবিক দিক বিবেচনায়িউচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়নি। এখন এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা যাবে।
সিদ্ধান্ত	:	উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য প্রকৌশল বিভাগ ও সম্পত্তি বিভাগের সমন্বয়ে দ্রুততার সাথে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	সম্পত্তি বিভাগ/প্রকৌশল বিভাগ/সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৬	:	IDIP প্রকল্পের মিরপুর সেকশন-১০ ব্লক-সি, সংযোগ সড়ক (মুকুলফৌজ খেলার মাঠ হতে ডেসকো রোড পর্যন্ত) অংশে সড়কের পূর্ব পাশে ফুটপাতসহ রাস্তার উন্নয়ন সম্পন্ন হয়েছে। পশ্চিম পাশে অবৈধ স্থাপনা থাকায় নর্দমা নির্মাণসহ ফুটপাতের কাজ করা সম্ভব হচ্ছে না।
আলোচনা	:	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) সভাকে জানান, নিজস্ব বাজেটে বর্ণিত জায়গায় কাজ চলমান রয়েছে। অবৈধ স্থাপনা উচ্ছেদ হচ্ছেনা বিধায় কাজ করা যাচ্ছে না। সময়মতো সহযোগিতা না পাওয়ায় উন্নয়ন কার্যক্রম দ্রুততার সাথে শেষ করা সম্ভব হচ্ছে না। সম্পত্তি বিভাগ হতে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হলে কাজগুলি তরান্বিত করা সম্ভব হবে। প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের প্রতিনিধি, প্রকৌশল বিভাগের প্রতিনিধি ও সম্পত্তি বিভাগের প্রতিনিধির উপস্থিতিতে ৪০ ফুট সড়কের সীমানা নির্ধারণ করে অবৈধ স্থান চিহ্নিত করা হয়েছে। বর্তমানে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক ৪০ফুট নকশা অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। নকশা চূড়ান্ত করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে দাখিল করলে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হবে।
সিদ্ধান্ত	:	জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের প্রতিনিধি, প্রকৌশল বিভাগের প্রতিনিধি ও সম্পত্তি বিভাগের প্রতিনিধির উপস্থিতিতে ৪০ ফুট সড়কের সীমানা নির্ধারণ করে অবৈধ স্থান চিহ্নিত করা হয়েছে। বর্তমানে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক ৪০ ফুট নকশা অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। নকশা চূড়ান্ত করে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে দাখিল করলে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হবে।
বাস্তবায়ন	:	প্রকৌশল বিভাগ/সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৭ ও ৮	:	২৩ নং ওয়ার্ডস্থিত খিলগাঁও কমিউনিটি সেন্টার হতে তালতলা মার্কেট পর্যন্ত (শহীদ হাজী সড়ক) সড়কের এবং ৩৫ নং ওয়ার্ডস্থিত মগবাজার মোড় হতে বাংলা মটর পর্যন্ত সড়কের সীমানা নির্ধারণ।
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মধ্যে সীমানা নিয়ে জটিলতা রয়েছে। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩ বলেন এ সমস্যা দীর্ঘদিনের। এর সাথে অনেক কিছুই জড়িত রয়েছে। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তার সাথে আলোচনা করে দ্রুত সভার আয়োজন করতে সভাপতি প্রধান সম্পত্তি কর্মকর্তাকে অনুরোধ করেন। এ ছাড়াও সম্পত্তি বিভাগের সার্ভেয়ারদের ৩(তিন) দিনের মধ্যে নথি উপস্থাপন নিশ্চিত করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
সিদ্ধান্ত	:	সীমান জটিলতা নিরসন কল্পে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তার সাথে আলোচনা করে ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে দ্রুততার সাথে সভার আয়োজন

		করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৯	:	গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্প।
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারদের জন্য বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিএডিসির মালিকানাধীন ২৭৫.৫৬ বর্গমিটার জমি লে-আউট প্ল্যানে অন্তর্ভূক্ত হওয়ায় ডিএনসিসি'র সমপরিমাণ ২৭৫.৫৬ বর্গমিটার জমি বিএডিসি'র নিকট বিনিময়ের মাধ্যমে দলিল সম্পাদনের জন্য গত ১৮/০৩/২০২০ তারিখে ডিএনসিসি এবং বিএডিসি'র প্রতিনিধির সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় সরকারের প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক বিএডিসি ও ডিএনসিসি কর্তৃক ২৭৫.৫৬ বর্গমিটার জমি পারস্পারিক হস্তান্তর/বিনিময়ের সিদ্ধান্ত গৃহিত হয়। স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এ ডিএনসিসি'র মালিকানাধীন সম্পত্তি দান, বিক্রয়, বন্ধক, ইজারা বা বিনিময়ল মাধ্যমে বা অন্য যে কোন সম্পত্তি অর্জন বা হস্তান্তর করতে সরকারের পূর্বানোমোদনের নির্দেশনা রয়েছে বিধায় বর্ণিত জমি পারস্পারিক হস্তান্তর/বিনিময়ের জন্য অনুমতি চেয়ে স্থানীয় সরকার বিভাগে গত ১৮ নভেম্বর ২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।
সিদ্ধান্ত	:	স্থানীয় সরকার বিভাগের অনুমোদন পাওয়ার পর গাবতলী সিটি পল্লীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ক্লিনারদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	প্রকৌশল বিভাগ/সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-১০	:	প্যাকেজ W-25 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে মুক্তিযোদ্ধা যাদুঘরের দিকে সড়কে অবস্থিত মসজিদ (বায়তুল আবেদিন জামে মসজিদ) স্থানান্তর বিষয়ে।
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, প্যাকেজ W-25 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে মুক্তিযোদ্ধা যাদুঘরের দিকে সড়কে অবস্থিত মসজিদ (বায়তুল আবেদীন জামে মসজিদ) স্থানান্তরের বিষয়ে নথিতে অনুমোদন নেয়া আছে। খুব দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।
সিদ্ধান্ত	:	দ্রুততার সাথে প্যাকেজ W-25 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে মুক্তিযোদ্ধা যাদুঘরের দিকে সড়কে অবস্থিত মসজিদ (বায়তুল আবেদীন জামে মসজিদ) স্থানান্তরের কার্যক্রম গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-১১	:	প্যাকেজ W-30 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে RAB-2 অফিসের সড়কে শেরে বাংলা নগর বালিকা উচ্চ বিদ্যালয়ের গেটের নিকটে অবস্থিত মসজিদ (শের-ই-বাংলা নগর গার্লস স্কুল সংলগ্ন সরকারি কলোনী মসজিদ ও মক্তব) স্থানান্তর বিষয়ে।
আলোচনা	:	প্রধান সম্পত্তি কর্মকর্তা বলেন, প্যাকেজ W-30 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে RAB-2 অফিসের সড়কে শেরে বাংলা নগর বালিকা উচ্চ বিদ্যালয়ের গেটের নিকটে অবস্থিত মসজিদ (শের-ই-বাংলা নগর গার্লস স্কুল সংলগ্ন সরকারি কলোনী মসজিদ ও মক্তব) স্থানান্তরের বিষয়ে নথিতে অনুমোদন নেয়া আছে। খুব দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেয়া হবে।
সিদ্ধান্ত	:	দ্রুততার সাথে প্যাকেজ W-30 এর আওতায় মাহবুব মোর্শেদ সরণী থেকে RAB-2 অফিসের সড়কে শেরে বাংলা নগর বালিকা উচ্চ বিদ্যালয়ের গেটের নিকটে অবস্থিত মসজিদ (শের-ই-বাংলা নগর গার্লস স্কুল সংলগ্ন সরকারি কলোনী মসজিদ ও মক্তব) স্থানান্তরের কার্যক্রম গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-১২	:	বিবিধ
আলোচনা	:	বিবিধ আলোচনা পর্বে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
সিদ্ধান্ত	:	➢ ডিএনসিসি'র সকল পর্যায়ে "No Mask, No Service" স্লোগানের কার্যকর ভূমিকা পালন করতে হবে। ➢ ডিএনসিসি'র সকল পর্যায়ে Zero Corruption নীতি অনুসরণ করতে হবে। ➢ সভায় অংশগ্রহণের পূর্বে সকলকে পর্যাপ্ত প্রস্তুতি নিয়ে আসতে হবে। ➢ শীতে মশার তৎপরতা বাড়ে বিধায় শীত মৌসুমে মশক নিধনে পর্যাপ্ত ঔষধ ছিটানোর পাশাপাশি মনিটরিং বাড়াতে হবে। ➢ দ্রুততম সময়ের মধ্যে APA সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল/ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০ ৪২৭

তারিখঃ ০৭/০৭/১৪২৭
১৪/১২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল) ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. প্রকল্প পরিচালক (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. অফিস কপি।

২৪/১২/২০২০
রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।